দৈনিক সংবাদ

FEB. 1 5 2000

তারিখ ... FEB. 15 2000 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

# চলতি বছর দেশে ৪টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপিত হবে

## সেমিনার শেষে প্রযুক্তিমন্ত্রী নূরউদ্দীনের ঘোষণা

বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের জন্য সুপারিশমালা গ্রহণের মধ্য দিয়ে গতকাল সোমবার বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আয়োজনে তিনদিনব্যাপী জাতীয় সেমিনার শেষ হয়েছে। গতকাল সেমিনারের সমাপনী অধিবেশনে বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী নূরউদ্দীন খান চলতি বছর দেশে চারটি বিজ্ঞান বিশ্ববিদ্যালয় স্থাপনের ঘোষণা দেন। গোপালগঞ্জ, রংপুর, দিনাজপুর এবং টাঙ্গাইল জেলায় এ বিশ্ববিদ্যালয়গুলো স্থাপন করা হবে। বাসস।

বিজ্ঞান মন্ত্রণালয়ের সচিব এম ফজলুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনী অধিবেশনে আরো বক্তব্য রাখেন বাংলাদেশ বিজ্ঞান একাডেমির সভাপতি অধ্যাপক এ কে এম সিদ্দিক এবং ইউনেস্কোর কান্ট্রি ডিরেক্টর ড. আনসার আলী খান।

সেমিনারে গৃহীত সুপারিশমালার মধ্যে রয়েছে ১৯৮৬ সালে প্রণীত বিজ্ঞান ও প্রযুক্তি নীতিকে যুগোপযোগী করা, গবেষণা ও উন্নয়ন কর্মকাণ্ডে ব্যবহার্য বৈজ্ঞানিক উপকরণ ও রাসায়নিক দ্রব্য আমদানির ওপর শুল্ক ও অন্যান্য কর প্রত্যাহার, বিজ্ঞান ও প্রযুক্তি খাতে বরাদ্দ বৃদ্ধি, জৈব প্রযুক্তি ও সামুদ্রিক বিজ্ঞানসহ অগ্রাধিকার ভিত্তিতে অন্যান্য বিষয়ে জাতীয় প্রতিষ্ঠান স্থাপন, সকল পর্যায়ে বিজ্ঞান শিক্ষা পদ্ধতির উন্নয়ন এবং দক্ষ বৈজ্ঞানিক জনশক্তি গড়ে তোলা।

আনসার আলী খান বাংলাদেশে বিজ্ঞান ও প্রযুক্তি খাতের উন্নয়নে ইউনেস্কোর সহযোগিতা জোরদার করার আশ্বাস দেন।

উল্লেখ্য, গত বছর হাঙ্গেরির রাজধানী বুদাপেস্টে অনুষ্ঠিত বিশ্ববিজ্ঞান সম্মেলনের ধারাবাহিকতায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় 'বিজ্ঞান ও প্রযুক্তিখাতে একুশ শতকের চ্যালেঞ্জ' শীর্ষক এই সেমিনারের আয়োজন করে।